

২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ৩য় সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ	২২ ডিসেম্বর, ২০২১
সময়ঃ	বেলা: ৩.০০ ঘটিকা
সভা আয়োজনঃ	জুম প্লাটফর্ম
সভাপতিঃ	জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ

জুমে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট: 'ক' দ্রষ্টব্য

সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (এপিএ) চলতি ২০২১-২২ অর্থবছরের পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) ২৭টি কর্মসম্পাদন সূচকের মধ্যে ডিসেম্বর/২০২১ পর্যন্ত যে সকল বাস্তবায়নযোগ্য কর্মসম্পাদন সূচক রয়েছে সেগুলোর অগ্রগতি উপস্থাপন করেন। চলতি অর্থবছরের এপিএ বাস্তবায়নে যে সকল চ্যালেঞ্জ রয়েছে সেগুলো কিভাবে উত্তরণ করা যায় সে বিষয়ে সভায় আলোকপাত করা হয়। সভাকে তিনি আরও জানান যে, চলতি ২০২১-২২ অর্থবছরে এপিএ বাস্তবায়ন এবং গত ২০২০-২১ অর্থবছরের এপিএ বাস্তবায়নে চ্যালেঞ্জগুলো চিহ্নিতকরণের জন্য এপিএ টিমের সদস্যদের সাথে সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২০/১২/২০২১ তারিখে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যে সকল কর্মসম্পাদন সূচকে চ্যালেঞ্জ রয়েছে তা দূর করে কিভাবে কর্যকর করা যায় সে বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা সভা/প্রশিক্ষণ আয়োজনের উপর গুরুত্বারোপ করেন।

২.০০ ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:

সিদ্ধান্ত সমূহ	বাস্তবায়ন অগ্রগতি
(ক) আবশ্যিকীয় কৌশলগত উদ্দেশ্যসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;	সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে
(খ) এনএপিডি ও বিআইডিএস এর কর্মকর্তাদের নিয়ে পরিকল্পনা বিভাগে এপিএ বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	ইতোমধ্যে পিটি শাখার মাধ্যমে প্রশিক্ষণ সমাপ্ত করা হয়েছে

৩.০০ সিনিয়র সহকারী সচিব (এপিএ) সভাকে জানান যে, এসএসআরসি'র দাখিলকৃত গবেষণা প্রতিবেদনসমূহ শুধুমাত্র চলতি অর্থবছরের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। পূর্ববর্তী বছরে গৃহীত কোন গবেষণা প্রতিবেদন চলতি অর্থবছরের তালিকায় অন্তর্ভুক্ত হবে না। ১লা জুলাই থেকে ৩০ জুনের মধ্যে প্রাপ্ত গবেষণা প্রতিবেদনগুলোর বিষয়ভিত্তিক তালিকা প্রমাণক হিসেবে দাখিল করতে হবে। পরিকল্পনা কমিশনের ৪টি বিভাগ কর্তৃক প্রক্রিয়াকরণকৃত উন্নয়ন প্রকল্পের ত্রৈমাসিক ভিত্তিক তালিকা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরে প্রমাণক হিসেবে দাখিল করতে হবে। আওতাধীন দপ্তর/সংস্থার কর্মসম্পাদন সূচকসমূহের বাস্তবায়ন অগ্রগতি স্ব স্ব দপ্তরে এপিএ টিম লিডার বা ফোকাল পয়েন্ট কর্মকর্তার স্বাক্ষরে প্রমাণক হিসেবে দাখিল করতে হবে।

৪.০ সভাপতি জানান যে, চলতি অর্থবছরে যে সকল কর্মসম্পাদন সূচক নির্ধারণ করা হয়েছে তা যে কোন উপায়ে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক অবশ্যই উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে। গত অর্থবছরে এপিএ'র যে সকল কর্মসম্পাদন সূচকে কোন মান অর্জন হয়নি তার কারণ চিহ্নিত করে উপযুক্ত প্রমাণক সন্নিবেশ করতে হবে। এ বিষয়ে সকলকে দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য অনুরোধ জানান।

৫.০০ আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ বাস্তবায়ন অগ্রগতি:

(ক) এনএপিডি'র ২টি কর্মসম্পাদন সূচকের মধ্যে শূন্য পদে নিয়োগের ছাড়পত্র পাওয়া গেছে এবং নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। (খ) বিআইডিএস ডিসেম্বর/২০২১ পর্যন্ত ২২টি প্রবন্ধ প্রকাশিত হয়েছে, ০২টি সমীক্ষা সম্পন্ন হয়েছে কিন্তু বোর্ড অব গভর্ন্যান্স এর সভা অনুষ্ঠিত হয়নি।

৬.০০ বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ৬.১ সকল শাখা/অধিশাখা-কে আগামী ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে ২য় ও অর্ধবার্ষিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
 - ৬.২ সম্পাদিত কর্মসম্পাদন কার্যক্রমের বাস্তবায়ন প্রতিবেদনের সাথে প্রমাণক যথাসময়ে সরবরাহ করতে হবে;
 - ৬.৩ বিআইডিএস এর বোর্ড অব গভর্ন্যান্স এর সভা আয়োজন করতে হবে;
 - ৬.৪ চলতি অর্থবছরের প্রমাণকের উপর একটি কর্মশালা আয়োজন করতে হবে।
- ৭.০০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৭/১২/২০২১

(মোঃ দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট)

ও


এপিএ টিম লিডার
পরিকল্পনা বিভাগ

নং-২০.০০.০০০০.৩২৮.৩১.০০১.২১.৪০৫

তারিখঃ ১৩ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন, ঢাকা
- ২। যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা
- ৩। যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা
- ৪। যুগ্মপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা
- ৫। উপসচিব (সাধারণ অধিশাখা/এসএসআরসি/বাজেট/এপিএ/পিটি ও পরিকল্পনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা
- ৬। পরিচালক (প্রঃ ও অর্থ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
- ৮। সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা
- ৯। প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। বাজেট অফিসার, বাজেট শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা
- ১১। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা
- ১২। সংশ্লিষ্ট নথি


২৬/১২/২০২১
(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১৮০৭৯২

ro.pms@plandiv.gov.bd